



কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প  
কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

তাপ প্রবাহের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

(বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, ঢাকা, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা, বরিশাল, বরগুনা, ভোলা, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, ফেনী, খাগড়াছড়ি, রাজশাহী, বান্দরবান, চট্টগ্রাম, কক্সবাজার, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, রংপুর ও লালমনিরহাট জেলার জন্য)

প্রকাশের তারিখ: ০৪/০৪/২০২৪

হালনাগাদের তারিখ : ১৫/০৪/২০২৪

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী উপরের জেলাসমূহের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। এমতাবস্থায় নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- তাপপ্রবাহের ক্ষতি থেকে ধান ফসল রক্ষার জন্য ধানের শীষে দানা শক্ত না হওয়া পর্যন্ত জমিতে অবশ্যই ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখুন। এ সময় জমিতে যেন পানির ঘাটতি না হয়।
- বর্তমান আবহাওয়ায় ধান গাছের বৃদ্ধি পর্যায়ে শীষ ব্লাস্ট রোগের আক্রমণ হতে পারে। রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার আগেই প্রিভেন্টিভ হিসেবে বিকাল বেলা ট্রুপার ৮ গ্রাম/১০ লিটার পানি অথবা নেটিভো ৬ গ্রাম/১০ লিটার পানি ৫ শতাংশ জমিতে ৫ দিন ব্যবধানে দুইবার স্প্রে করুন।
- আম গাছের গোড়ায় পর্যাপ্ত সেচ প্রদান করুন। প্রয়োজনে গাছের শাখাপ্রশাখায় পানি স্প্রে করা যেতে পারে।
- সবজির জমিতে আগামী এক সপ্তাহে মাটির ধরন বুঝে প্রয়োজন অনুযায়ী ২ থেকে ৩ টি সেচের ব্যবস্থা করুন।
- ফল ও সবজির চারাকে তাপপ্রবাহের ক্ষতি থেকে রক্ষার জন্য মালচিং ও সেচ নিশ্চিত করুন।

(ড. মো: শাহ কামাল খান)

প্রকল্প পরিচালক

যোগাযোগ নম্বর: ০১৭১২১৮৪২৭৪

ইমেইল: kamalmoa@gmail.com